

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড,
সেতুন বাগিচা, ঢাকা।
[কাস্টমস: রপ্তানি ও বন্ড শাখা]
[অফিস আদেশ]

✓ ১০৬

নথি নং-০৮.০১.০০০০.৫৬.০১.০০১.২০১৭ (অংশ-১)/ ১৬১

তারিখ : ০৬/০৭/২০২১ খ্রি:।

বিষয়: বন্ড ব্যবস্থাপনা সংক্রান্ত অফিস আদেশ, ২০২১।

বিগত ১৩/০৬/২০২১ খ্রি: তারিখে বন্ড ব্যবস্থাপনা সংক্রান্ত কতিপয় বিষয়ে সদস্য (গ্রেড-১) (কাস্টমস: রপ্তানি, বন্ড ও আইটি) মহোদয়ের সাথে বাংলাদেশ গার্মেন্টস এক্সপোর্টার্স এন্ড প্যাকেজিং ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন (BGAPMEA) এর সভা অনুষ্ঠিত হয়। পরবর্তীতে উক্ত সভার প্রস্তাবনা এবং তার প্রয়োগ ও যৌক্তিকতা নিয়ে পর্যালোচনা করা হয়। পর্যালোচনাস্তে দেখা যায় যে, বন্ডেড প্রতিষ্ঠানের লাইসেন্স এর মেয়াদস্তে নবায়ন ও অডিট কার্যক্রম চলাকালীন বিয়োজনের শর্তে আমদানি প্রাপ্যতার আবেদন করলে এবং কাঁচামালের আবশ্যিকতা থাকলে ব্যাংক গ্যারান্টি ব্যতীত বিয়োজনের শর্তে আমদানি প্রাপ্যতা প্রদান ন্যায়সংগত; তবে কোন প্রতিষ্ঠানের বিরুদ্ধে দাবিনামা থাকলে এবং নিরঙ্কুশ সরকারি বকেয়া/পাওনা না থাকলে ব্যাংক গ্যারান্টি দাখিল সাপেক্ষে বিয়োজনের শর্তে আমদানি প্রাপ্যতা প্রদান করা বিধিসম্মত। নিবারক কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে বন্ডেড প্রতিষ্ঠান পরিদর্শনে গিয়ে Production Floor, Working in Process এর কাঁচামাল ও উৎপাদিত পণ্যকে আমলে নেয়া সমীচীন। অধিকন্তু, কোন প্রতিষ্ঠানের একটি আবেদন পত্রে একাধিক বিষয় উল্লেখ থাকলে তা একই সাথে নথিতে উপস্থাপন ও নিষ্পত্তি করা যৌক্তিক।

০২। এমতাবস্থায়, সার্বিক পর্যালোচনায় রপ্তানি বাণিজ্যের প্রসার ও গতিশীলতার লক্ষ্যে The Customs Act, 1969 এর Section 219B. এর প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড, বন্ড ব্যবস্থাপনা সংক্রান্ত নিম্ন বর্ণিত আদেশ জারি করা হল :


(ক) বন্ডেড প্রতিষ্ঠানের সমগ্র আঙ্গিনাকে (Premises) বন্ডেড এলাকা হিসেবে বিবেচনা করতে হবে; তবে শর্ত থাকে যে, প্রতিষ্ঠানের এককালীন বন্ডিং ক্যাপাসিটির অধিক কাঁচামাল গুদামজাত করা যাবে না।

(খ) কোন বন্ডেড প্রতিষ্ঠানের লাইসেন্স এর মেয়াদস্তে নবায়ন ও অডিট কার্যক্রম চলাকালীন বিয়োজনের শর্তে আমদানি প্রাপ্যতার আবেদন করা হলে এবং কাঁচামালের আবশ্যিকতা থাকলে ব্যাংক গ্যারান্টি ব্যতীত বিয়োজনের শর্তে আমদানি প্রাপ্যতা প্রদান করা যাবে; তবে প্রতিষ্ঠানের বিরুদ্ধে দাবিনামা থাকলে এবং নিরঙ্কুশ সরকারি পাওনা না থাকলে ব্যাংক গ্যারান্টি দাখিল সাপেক্ষে বিয়োজনের শর্তে আমদানি প্রাপ্যতা প্রদান করা যাবে।

(গ) কোন প্রতিষ্ঠানের একটি আবেদনপত্রে একাধিক বিষয় উল্লেখ থাকলে তা একই সাথে নথিতে উপস্থাপন ও নিষ্পত্তি করতে হবে।

০৩। এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,



(মো: মশিয়ার রহমান মন্ডল)

দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)

ফোন-০২-৮৩১৮১২২, এক্স-৩৪৩

ই-মেইল-ssbondnbr@gmail.com

প্রাপক:

০১-০২। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা/চট্টগ্রাম।

০৩। কমিশনার, কাস্টম হাউস, মোংলা, খুলনা।

০৪-০৯। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, খুলনা/রংপুর/যশোর/কুমিল্লা/সিলেট/রাজশাহী।

১০। মহাপরিচালক. শুল্ক: গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর. ঢাকা।

- ১১। মহাপরিচালক, শুদ্ধ: রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা।
- ১২। প্রকল্প পরিচালক, বন্ড ব্যবস্থাপনা স্বয়ংক্রিয়করণ প্রকল্প, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ১৩। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা। [আদেশটি জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ]

নথি নং-০৮.০১.০০০০.৫৬.০১.০০১.২০১৭ (অংশ-১)/ ২৬২

তারিখ : ০৬/০৭/২০২১ খ্রি:।

অনুলিপিঃ সদয় অবগতির জন্য-

- ০১ পি.এস.টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা। [চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য]
- ০২ পিএ টু সদস্য গ্রেড-১), (কাস্টমসঃ রপ্তানি, বন্ড ও আইটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
[সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য]
- ০৩-০৪। অফিস/গার্ড কপি।



(মো: মশিয়ার রহমান মন্ডল)

দ্বিতীয় সচিব (কাস্টমসঃ রপ্তানি ও বন্ড)

ফোন-০২-৮৩১৮১২২, এক্স-৩৪৩

ই-মেইল-ssbondnbr@gmail.com